

দাখিল পরীক্ষা
মুরাদনগরে ১২ ভূয়া
পরীক্ষার্থী ও দুই
শিক্ষক গ্রেফতার

মুরাদনগর (কমিটী) প্রতিমিতি
চলতি দাখিল পরীক্ষায় ভূয়া
পরীক্ষার্থীদের পরীক্ষা দেয়ার সুযোগ করে
দেয়ার অভিযোগে মাদ্রাসার তিন শিক্ষক
ও ১২ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে মামলা
হয়েছে। পুলিশ এ মামলায় মাদ্রাসার দুই
সুপার ও ১২ জন পরীক্ষার্থীকে গ্রেফতার
করেছে। রোববার আরবি ১ম পত্র পরীক্ষা
চলারকালীন তত্ত্বা: ইসলামিক সিনিয়র
মাদ্রাসা কেন্দ্র থেকে ১২ ভূয়া
পরীক্ষার্থীকে পুলিশ গ্রেফতার করে।
গ্রেফতারকৃত ভূয়া পরীক্ষার্থীরা পুলিশকে
জানায়, দাখিলের দাখিল মাদ্রাসার সুপার
খোরশেদ আলম ও সহকারী শিক্ষক মোঃ
আবদুস ছাত্তার পাতি মদিনাতুল উলুম
মাদ্রাসার সুপার ফারুক আহমেদ তাদের
কাছ থেকে ১২ থেকে ১৬ হাজার টাকা
করে নিয়ে তাদের পরীক্ষায় অংশগ্রহণের
সুযোগ করে দেন। এর পরিপ্রেক্ষিতে
কেন্দ্র সচিব ওই শিক্ষকসহ ১২ ভূয়া
পরীক্ষার্থীর বিরুদ্ধে গানায় মামলা দায়ের
করেন। শিক্ষকদের মধ্যে দু'জন
গ্রেফতার হলেও মোঃ সাতার সরকার
পদাতক রয়েছেন। ঘটনা তদন্তে
প্রশাসনের পক্ষ থেকে কমিটি গঠন করা
হয়েছে।